



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ
সাইন্স এন্ড টেকনোলজি শাখা



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৭৩.৪৪.০০০৩.২৫.৩৪৫২

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩
১২ অক্টোবর ২০২৬

বিষয়: গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার।

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরের ইজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণাকর্মে সহায়তাদানের লক্ষ্যে দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। প্রকল্প আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি আপনার বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদ, বিভাগ ও ইনস্টিটিউটে বহুল প্রচারের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। এছাড়া, যেসকল বিশ্ববিদ্যালয়ে গবেষণা সেল রয়েছে, সেসকল বিশ্ববিদ্যালয়ের গবেষণা সেলের পরিচালক-কে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তিসমূহঃ

- (১) প্রকল্প প্রস্তাব আহ্বান বিজ্ঞপ্তি
- (২) গবেষণা প্রকল্প নীতিমালা-২০২৬ pdf-compressed

১২-১০-২০২৬

মোঃ শাহীন সিরাজ

অতিরিক্ত পরিচালক

ফোন : +৮৮-০২-৫৮১৬০২৪৫

ইমেইল : shahin@ugc.gov.bd

রেজিস্ট্রার

সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৭৩.৪৪.০০০৩.২৫.৩৪৫২/১ (৩)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩
১২ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

DR (AC)

চলমান পাতা - ১/২

১। পরিচালক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, (গবেষণা প্রকল্প আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নীতিমালা এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি ইউজিসির ওয়েব সাইটে নোটিশ বক্স "গবেষণা প্রকল্প/ গবেষণা সহায়তা মঞ্জুরী (গবেষণা প্রকল্প)" ও "অনলাইনে আবেদন (গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল)" বিষয়ক সেবা বক্সে প্রদানের অনুরোধসহ)।।

২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন্স বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বহুল প্রচারিত দৈনিক যুগান্তর ও New Age পত্রিকার ভেতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো)।

৩। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



[Signature]

১২-১০-২০২৬

মোঃ মনিরুজ্জামান

সহকারী পরিচালক

[Signature]

১২-১০-২০২৬

মোঃ মনিরুজ্জামান

সহকারী পরিচালক



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd



স্মারক নং : ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২

তারিখঃ

২৭ আশ্বিন ১৪৩৩

১২ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণাকর্মে সহায়তা প্রদানের জন্য দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে অনলাইনে নির্ধারিত ফরমে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

গবেষণা প্রকল্পের ধরন	প্রকল্পের সর্বোচ্চ অনুদান	
	বিজ্ঞান ও প্রযুক্তি শাখা	কলা, সামাজিক বিজ্ঞান ও বিজনেস শাখা
প্রমোশনাল গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ৭.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা
একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৮.০০ লক্ষ টাকা

আবেদনকারীর যোগ্যতা:

প্রমোশনাল গবেষণা: পূর্ণকালীন প্রভাষক/সহকারী অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ২ (দুই)টি প্রবন্ধ থাকতে হবে।

একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা: পূর্ণকালীন সহযোগী অধ্যাপক/অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ৫ (পাঁচ)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে কমপক্ষে ২ (দুই)টিতে Corresponding/Last Author হতে হবে।

আবেদনের গুরুত্বপূর্ণ শর্তাবলি:

- একজন প্রধান গবেষক একই অর্থবছরে একাধিক ক্যাটাগরিতে প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন না;
- ইউজিসির অধীনে চলমান গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দাখিল না করা পর্যন্ত নতুন প্রকল্পে আবেদন করতে পারবেন না;
- আবেদন অবশ্যই বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে;
- গবেষণা প্রকল্পের অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে কমিশন কর্তৃক প্রণীত ও সংক্রান্ত নীতিমালার সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- গবেষণা প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর।

আবেদনের পদ্ধতি:

- প্রকল্প প্রস্তাব অবশ্যই অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে দাখিল বাতীত কোনো প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না;
- অনলাইনে সরাসরি <https://ugc-research-management.bdrn.net.bd> লিংক থেকে প্রকল্প প্রস্তাব দাখিল করা যাবে;
- উপরোক্ত লিংক এবং প্রকল্প প্রস্তাব দাখিল-সংক্রান্ত নীতিমালার শর্তাবলি ও প্রয়োজনীয় তথ্যাদি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এ “গবেষণা প্রকল্প/ গবেষণা-সহায়তা-মঞ্জুরী (গবেষণা প্রকল্প)” ও “অনলাইনে আবেদন (গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল)” বিষয়ক দুটি সেবা বক্সে পাওয়া যাবে;
- যথাযথভাবে অনলাইনে দাখিলকৃত প্রকল্প প্রস্তাবের ২ (দুই) সেট প্রিন্ট কপি (হার্ড কপি)-যার মধ্যে গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যতীত ১ (এক) সেট এবং গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম, ঠিকানা ও যথাযথ প্রত্যয়ন/স্বাক্ষারিতসহ পূর্ণাঙ্গ ১ (এক) সেট (দুটি প্রিন্ট অংশন অনলাইনে বিদ্যমান) রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাবহার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২২-১১-২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;
- অসম্পূর্ণ কিংবা অপূর্ণাঙ্গ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।



মোঃ ওমর ফারুক

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাবহার্ড ডিভিশন

ফোন- ০২-৫৮১৬০২০৮

ই-মেইল: director_research@ugc.gov.bd



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd



ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা প্রকল্প নীতিমালা, ২০২৬

(৩১-০৮-২০২৬ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৭৯তম সভায় অনুমোদিত)

১। ভূমিকা :

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতিষ্ঠার অন্যতম উদ্দেশ্য হইলো বিশ্ববিদ্যালয় পর্যায়ের উচ্চশিক্ষা ও গবেষণার মানোন্নয়ন, মানবসম্পদ উন্নয়ন এবং গবেষণার জন্য কার্যকর আর্থিক সহায়তা নিশ্চিত করা। প্রতিষ্ঠালগ্ন হইতে কমিশন গবেষণা অনুদান, ফেলোশিপ ও সক্ষমতা উন্নয়ন কর্মসূচির মাধ্যমে দেশে গবেষণা সংস্কৃতি বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়া আসিতেছে। বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে জ্ঞানভিত্তিক অর্থনীতি, প্রযুক্তিগত উদ্ভাবন, কৃত্রিম বুদ্ধিমত্তা, জলবায়ু পরিবর্তন, জনস্বাস্থ্য, খাদ্য ও জ্বালানি নিরাপত্তাসহ বিভিন্ন জাতীয় ও বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় ফলাফলভিত্তিক, উদ্ভাবনমুখী, আন্তঃবিষয়ক এবং শিল্প-একাডেমিয়া সংযুক্ত গবেষণার গুরুত্ব বহুগুণে বৃদ্ধি পাইয়াছে। এই প্রেক্ষাপটে গবেষণার গুণগত মান বৃদ্ধি, গবেষণা তহবিলের স্বচ্ছ ও কার্যকর ব্যবহার, জবাবদিহিতা নিশ্চিতকরণ, গবেষণার সামাজিক ও অর্থনৈতিক প্রভাব বৃদ্ধি এবং জাতীয় উন্নয়ন অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ গবেষণা কার্যক্রমকে উৎসাহিত করিবার লক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক এই গবেষণা অনুদান নীতিমালা প্রণয়ন করা হইলো।

২। সংজ্ঞা :

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

- ২.১ 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বা কমিশন' অর্থ University Grants Commission Order, 1973 (P.O. No. 10 of 1973) দ্বারা গঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ২.২ 'পূর্ণ কমিশন' অর্থ University Grants Commission Order, 1973 (P.O. No. 10 of 1973) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খণ্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;
- ২.৩ 'গবেষণা প্রকল্প' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের 'ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা প্রকল্প নীতিমালা, ২০২৬'-এর অধীনে অনুমোদিত ও পরিচালিত প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট প্রেরিতকৃত কোনো গবেষণা প্রকল্প;
- ২.৪ 'প্রিন্সিপাল ইনভেস্টিগেটর' বা 'প্রধান গবেষক' অর্থ এই নীতিমালার অধীন গবেষণা প্রকল্পে অংশগ্রহণের জন্য যোগ্য কোনো বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা গবেষক, যিনি স্বীয় উদ্যোগে গবেষণা প্রস্তাব দাখিল করিবেন এবং কমিশন কর্তৃক অনুমোদিত হইলে সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের বাস্তবায়ন, ব্যবস্থাপনা ও ফলাফলের জন্য প্রধান দায়িত্ব পালন করিবেন;
- ২.৫ 'কো-ইনভেস্টিগেটর' বা 'সহযোগী গবেষক' অর্থ এই নীতিমালার অধীন গবেষণা প্রকল্পে অংশগ্রহণের জন্য উপযুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা গবেষক, যিনি প্রধান গবেষকের সঙ্গে যৌথভাবে গবেষণা প্রস্তাব দাখিল করিবেন এবং কমিশন কর্তৃক অনুমোদিত হইলে গবেষণা প্রকল্পের বাস্তবায়ন, ব্যবস্থাপনা ও গবেষণা কার্যক্রম পরিচালনায় প্রধান গবেষককে সহায়তা করিবেন;
- ২.৬ 'মূল্যায়ন কমিটি' অর্থ গবেষণা অনুদান বা আর্থিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে প্রার্থীদের দাখিলকৃত গবেষণা প্রকল্প প্রস্তাবসমূহ মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটি;
- ২.৭ 'অ্যাওয়ার্ড কমিটি' অর্থ মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত মেধাতালিকার ভিত্তিতে অ্যাওয়ার্ডের জন্য চূড়ান্ত মনোনয়নের নিমিত্ত গঠিত কমিটি;
- ২.৮ 'ইউজিসি প্রমোশনাল গবেষণা' অর্থ এই নীতিমালার বিধান অনুযায়ী কেবলমাত্র প্রভাষক ও সহকারী অধ্যাপক পদে কর্মরত নবীন শিক্ষকদের গবেষণায় উৎসাহকরণ, গবেষণা সক্ষমতা বৃদ্ধি এবং গবেষণা প্রকাশনা উৎসাহিত করিবার লক্ষ্যে, কমিশনের কৌশলগত অগ্রাধিকার, জাতীয় প্রয়োজন ও উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়নের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পরিকল্পিত, আহ্বানকৃত, অনুমোদিত ও অর্থায়িত গবেষণা;
- ২.৯ 'একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা' অর্থ এই নীতিমালার অধীন সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদে কর্মরত শিক্ষকদের জন্য গবেষণা, যথা গবেষণা দক্ষতা, পেশাগত সক্ষমতা, একাডেমিক নেতৃত্ব, উদ্ভাবনী সক্ষমতা এবং জ্ঞান সৃষ্টির সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পরিকল্পিত, আহ্বানকৃত, অনুমোদিত ও অর্থায়িত হয় এবং ব্যক্তি ও প্রতিষ্ঠানিক গবেষণা সক্ষমতা বৃদ্ধি ও উচ্চশিক্ষার গুণগত উৎকর্ষ অর্জনে সহায়ক হয়।

৩। গবেষণা প্রকল্পের ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা প্রকল্প।

নাম :

(Signature)

(Signature)